দৈনিক বাংলা

তারিখ ৯।৩।৮২
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...



# ৮০৭ কোটি টাকার ১২টি প্রকল্প অনুমোদন

জাতীয় অর্থনৈতিক পরিষদ নির্বাহী কমিটি শনিবার ৭৫ কোটি টাকার বৈদেশিক মুদ্রাসহ ৮০৭ কোটি টাকার অধিক ব্যয়ের ১২টি প্রকল্প অনুমোদন করেছেন বলে শনিবার এক সরকারী হ্যান্ডআউটে জানা গেছে।

গতকাল সচিবালয়ে অনুষ্ঠিত কমিটির বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান অর্থমন্ত্রী জনাব ছয়ফুর রহমান।

প্রকল্পগুলো হচ্ছেঃ ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র প্রতিষ্ঠা, ধর্মীয় নেতাদের (ইমাম ও মুয়াজ্জিন) প্রশিক্ষণ, স্বেচ্ছা বন্ধ্যাকরণ কর্মসূচী (দ্বিতীয় পর্যায়), ম্যালেরিয়া নিয়ন্ত্রণ প্রকল্প, মহকুমা হাসপাতালগুলো আধুনিকায়ন (প্রথম পর্যায়) দেশীয় চিকিৎসা ব্যবস্থা (ইউনানী ও আয়ুর্বেদী) উন্নয়ন, অন্যান্য সংস্থার জন্য পিএবিএক্স ও পিবিএক্সের ব্যবস্থা করা, পল্লী এলাকায় ছোট ছোট স্বয়ংক্রিয় এক্সচেঞ্জের ব্যবস্থা করা, স্থানীয় টেলিফোন ৬০ হাজার লাইন পর্যন্ত সম্প্রসারণ, দেশব্যাপী ট্রাংক ডায়ালিংয়ের ব্যবস্থা, সার্বজনীন প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রম প্রবর্তন।